সমকাল

তারিখ : 24 JAN 2016
পৃষ্ঠা ...৪... কলাম ...৪...

বিয়ানীবাজারে শিক্ষামন্ত্রী

# ৭ দিনের মধ্যে স্কুলে অগ্নিসংযোগকারীদের শনাক্তের নির্দেশ

■ বিয়ানীবাজার (সিলেট) প্রতিনিধি

বিয়ানীবাজারে নাশকতার আগুনে পুড়ে যাওয়া শতবর্ষী বিদ্যাপীঠ পিএইচজি উচ্চ বিদ্যালয় পরিদর্শন করলেন এ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ক্ষতিগ্রস্ত অফিস কক্ষ ও রেকর্ডপত্র দেখে তিনি ক্ষোভ প্রকাশ করেন। গতকাল শনিবার দুপুরে স্কুল পরিদর্শনকালে মন্ত্রী সাত দিনের মধ্যে তদন্ত করে জড়িতদের শনাক্ত করার নির্দেশ দেন।

এ সময় শিক্ষামন্ত্রী বলেন, যে বা যারা এ ঘটনার সঙ্গে জড়িত তাদের কোনো অবস্থায় ছাড় দেওয়া যাবে না। তাদের আইনের আওতায় এনে বিচার করা হবে। তিনি আক্ষেপ করে বলেন, কোনো বিবেকবান মানুষ স্কুলে আগুন দিতে পারে না।

দুপুরে পিএইচজি উচ্চ বিদ্যালয়ে যাওয়ার পর মন্ত্রীকে ঘিরে ধরেন শিক্ষার্থীরা। এ সময় তিনি শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করেন। পরে পিএইচজি স্কুল পরিদর্শনকালে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আলী আহমদ ও প্রধান শিক্ষক আবদুল হাসিব জীবন আগুনে পুড়ে যাওয়া অফিস কক্ষ ও রেকর্ডপত্র মন্ত্রীকে দেখান।